

# টিডি টিকা



Directorate General of Family Planning



Kingdom of the Netherlands



# টিডি টিকা

## টিডি টিকার গুরুত্ব

সারাজীবনে একজন নারীকে নূন্যতম ৫ ডোজ টিডি টিকা নিতে হয়। সম্প্রসারিত টিকাদান কর্মসূচী অনুযায়ী ১৫ বছর বয়স থেকে টিকা দেয়া শুরু করতে হয় এবং সে অনুযায়ী মোট ৫ ডোজ টিডি টিকা নিতে হয়। পুরো ডোজ শেষ করতে মোট ২ বছর ৭ মাস সময় লাগে।

## ১৫-৪৯ বছর বয়সের মহিলাদের টিডি টিকাদান সময়সূচি

রোগের নাম	টিকার নাম	টিকার ডোজ	ডোজের সংখ্যা	টিকা শুরু করার সঠিক সময়	টিকাদানের স্থান	টিকার প্রয়োগ পথ
ধনুষ্টংকার ও ডিপথেরিয়া	টিডি (টিটেনাস ও ডিপথেরিয়া)	০.৫ এম এল	টিডি-১	১৫ বছর বয়স হলেই যথাশীঘ্ৰ	বাহুর উপরের অংশে	মাংশপেশী
			টিডি-২	টিডি-১ পাওয়ার কমপক্ষে ২৮ দিন পর		
			টিডি-৩	টিডি-২ পাওয়ার কমপক্ষে ৬ মাস পর		
			টিডি-৪	টিডি-৩ পাওয়ার কমপক্ষে ১ বছর পর		
			টিডি-৫	টিডি-৪ পাওয়ার কমপক্ষে ১ বছর পর		

সম্প্রসারিত টিকাদান কর্মসূচি (ইপিআই), স্বাস্থ্য অধিদপ্তর, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## গর্ভবতীর টিডি টিকা

যে সকল গর্ভবতী মা আগে কখনো টিডি টিকা নেয়নি তাকে উপরের ছক অনুযায়ী ১ম ডোজ টিডি টিকা নিতে হবে গর্ভধারণের ৪ৰ্থ মাসে। ২য় ডোজ নিতে হবে তার ৪ সপ্তাহ পর। ৩য় ডোজ নিতে হবে ২য় ডোজের ৬ মাস পর অথবা পরবর্তী গর্ভধারণের সময়। ৪ৰ্থ ডোজ নিতে হবে ৩য় ডোজের ১ বছর পর অথবা পরবর্তী গর্ভধারণের সময়। ৫ম ডোজটি ৪ৰ্থ ডোজের ১ বছর পর অথবা পরবর্তী গর্ভধারণের সময় নিতে হবে। এভাবে ৫ ডোজ টিকা সঠিক সময়ে নেয়া হলে মা ও শিশু সারাজীবন ধনুষ্টংকার ও ডিপথেরিয়া থেকে রক্ষা পাবে।

যদি কিশোরী ৫ ডোজ টিডি পেয়ে থাকে তাহলে গর্ভকালীন সময়ে টিডি টিকা নেয়ার প্রয়োজন নাই।

\*\*\* প্রসবের সময়ের সাথে টিকাদান সময়সূচির কোনো পরিবর্তন হবে না

মনে রাখতে হবে : ধনুষ্টংকার ও ডিপথেরিয়া মারাত্মক রোগ। এ রোগগুলো থেকে রক্ষা পেতে সব নারীকে ৫ ডোজ টিডি টিকা সঠিক সময়ে নিতে হবে।

